



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০২.৪৪.২১.৪৫৭

তারিখঃ ১৩-০৯-২০২১খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আওতাধীন এইচএসসি (বিএম) শিক্ষা প্রতিষ্ঠানে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) ও দ্য অ্যাসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফায়েড অ্যাকাউন্ট্যান্টস (এসিসিএ) সমঝোতা স্মারকে ভিত্তিতে যৌথ কার্যক্রম প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) এবং দ্য অ্যাসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফায়েড অ্যাকাউন্ট্যান্টস (এসিসিএ) বাংলাদেশ এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। পারস্পরিক সহযোগিতা এবং একসঙ্গে কাজ করার সম্ভবনা নিয়ে বিগত ০৩/০৫/২০২১খ্রি. এ ভার্সিয়াল সমঝোতা স্মারক অনুষ্ঠান সম্পন্ন হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডাঃ দীপু মনি (এমপি), শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী (এমপি) এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আমিনুল ইসলাম খান। এছাড়া আরও উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. হেলাল উদ্দিন এনডিসি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মোরাদ হোসেন মোল্লা, এসিসিএ মধ্যপ্রাচ্য ও দক্ষিণ এশিয়ার রিজিওনাল এসিসিএ মধ্যপ্রাচ্য দক্ষিণ এশিয়ার রিজিওনাল ডিরেক্টর স্টুয়ার্ট ডানলপ, এসিসিএ দক্ষিণ এশিয়া প্রধান নিলুশা রানাসিংহে, এসিসিএ মার্কেট পার্টনারশিপ প্রধান জারিফ লুদিন এবং সরকারের অন্যান্য কর্মকর্তারা।

সমঝোতা স্মারক অনুযায়ী এসিসিএ বাংলাদেশ ইন্টারন্যাশনাল প্রফেশনাল ডেভেলপমেন্ট পার্টনার হিসেবে কারিগরি শিক্ষা বোর্ডের দক্ষতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন পদক্ষেপে অংশগ্রহণ করার পাশাপাশি অ্যাকাউন্টিং সেক্টরে দক্ষ জনসম্পদ তৈরি এবং জাতীয় দক্ষতা সনদায়নের সাথে সমন্বয় করে কাজ করবে। এছাড়া অ্যাকাউন্টিং ও ফাইন্যান্স সেক্টরে সক্ষমতা বৃদ্ধি, নতুন জ্ঞানবিন্যাস এবং আন্তর্জাতিক রিসোর্স সরবরাহসহ বিভিন্ন ক্ষেত্রে এসিসিএ সহযোগিতার করবে।

এসিসিএ

দ্য অ্যাসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফায়েড অ্যাকাউন্ট্যান্টস (এসিসিএ) একটি যুক্তরাজ্যভিত্তিক (ইউকে) প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট বডি। এটি বিশ্বের সবচেয়ে বড় প্রফেশনাল অ্যাকাউন্টিং বডি। বর্তমানে ১৭৬টি দেশে এসিসিএএর ২,২৭,০০০ এর বেশি ফুল কোয়ালিফায়েড মেম্বার এবং ৫,৪৪,০০০ এর বেশি ফিউচার মেম্বার বা শিক্ষার্থী রয়েছে। বাংলাদেশে এসিসিএ যাত্রা শুরু করে ২০০৮ সালে। বর্তমানে বাংলাদেশে ৪৫০ জন ফুল কোয়ালিফায়েড মেম্বার এবং ৫০০০ এর বেশি ফিউচার মেম্বার বা শিক্ষার্থী রয়েছে।

একজন শিক্ষার্থী এইচএসসি, এ লেভেল বা গ্র্যাজুয়েশন শেষ করে এসিসিএ শুরু করতে পারে। এসিসিএ শুরু করতে হলে প্রথমে সার্টিফায়েড অ্যাকাউন্টিং টেকনিশিয়ান (সিএটি) দিয়ে শুরু করতে হয়। সিএটি মূলত এসিসিএ এর অংশ, পাশাপাশি আরেকটি স্বতন্ত্র কোয়ালিফিকেশন। সিএটি শেষ করে এন্ট্রি লেভেল অ্যাকাউন্ট্যান্ট হিসেবে ক্যারিয়ার শুরু করা যায়। এসিসিএ শেষ করেযারা মেম্বারশিপ নিয়েছেন তারা সবাই দেশে এবং দেশের বাইরে বিভিন্ন ফাইন্যান্সিয়ার প্রতিষ্ঠানে শীর্ষপর্যায়ে কাজ করছেন। এসিসিএ বিষয়ক জব খুঁজে পেতে এসিসিএ এর রয়েছে নিজস্ব জব পোর্টাল। এছাড়া একজন এসিসিএ শেষ করার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রফেশনাল অ্যাকাউন্টিং বা ফাইন্যান্সে মাস্টার্স ডিগ্রি অর্জন করতে পারবেন। ঢাকা, চট্টগ্রাম, সিলেটে রয়েছে এসিসিএ বাংলাদেশের অ্যাপ্রুভড লার্নিং পার্টনার। এসব লার্নিং পার্টনার প্রতিষ্ঠানে যোগাযোগ করে একজন শিক্ষার্থী এসিসিএ পড়তে পারবেন। ভর্তি এবং সকল পরীক্ষা অনুষ্ঠিত হয় অনলাইনে।

- সম্মানিত শিক্ষক এবং শিক্ষার্থীদের এসিসিএ-এর সাথে পরিচয় করিয়ে দিতে এসিসিএ বাংলাদেশ, অনলাইন/অফলাইন বিভিন্ন সেশন, প্রতিযোগিতা এবং সেমিনার আয়োজন করবে;
- এসিসিএ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কলেজগুলোকে সাথে নিয়ে কর্মসূচীগুলো বাস্তবায়ন করবে এবং এ সম্পর্কিত ব্যাপারে যোগাযোগ করবে;

সমঝোতার ফলেঃ

- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি বিএম অ্যাকাউন্টিং সিলেবাস আধুনিকীকরণে এসিসিএ সহায়ক ভূমিকা পালন করবে;
- সিলেবাস আধুনিকীকরণের ফলে এইচএসসি শিক্ষার্থীরা অ্যাকাউন্টিংয়ের আধুনিক সকল তথ্য এবং বর্তমান হালনাগাদ অবস্থা সম্পর্কে সম্যক ধারণা পাবে যা তাদের ভবিষ্যৎ ক্যারিয়ার গঠনে সাহায্য করবে;
- শিক্ষার্থীরা এইচএসসির পর সার্টিফায়েড অ্যাকাউন্টিং টেকনিশিয়ান (সিএটি) এবং এসিসিএ কোয়ালিফিকেশনও অর্জন করার সুযোগ পাবে;
- সিএটি'র ৯টি পেপারের মধ্যে শিক্ষার্থীরা ৭টি পেপার সম্পন্ন করে এবং এক বছরের কাজের অভিজ্ঞতা প্রদর্শন করে সিএটি (সার্টিফায়েড অ্যাকাউন্ট্যান্টিং টেকনিশিয়ান) কোয়ালিফিকেশন অর্জন করতে পারবে;
- সিএটি অর্জন করার পর এসিসিএ এর বাকি পেপারগুলো শেষ করে এবং ৩ বছরের কাজের অভিজ্ঞতা প্রদর্শনপূর্বক এসিসিএ কোয়ালিফিকেশন অর্জন করা যাবে;
- এসিসিএ কোয়ালিফিকেশন অর্জন করার পাশাপাশি শিক্ষার্থীরা বাংলাদেশে বসেই যুক্তরাজ্যের অক্সফোর্ড বুকস ইউনিভার্সিটি থেকে অ্যাপ্রায়েড অ্যাকাউন্টিং নিয়ে বিএসসি ডিগ্রি লাভ করতে পারবে। এক্ষেত্রে আইইএলটিএস এর প্রয়োজন নেই;
- একাডেমিক সনদের পাশাপাশি জাতীয় দক্ষতা সনদ লেভেল - ৩ এবং ৪ অর্জন করা যাবে;

এক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি (বিএম)'র সকল প্রতিষ্ঠানকে এসিসিএ বাংলাদেশকে সমঝোতা স্মারকের আলোকে অনুষ্ঠিত কার্যক্রমের ব্যাপারে সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।


প্রাপক
অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান এইচএসসি (বিএম) শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠানসমূহ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০২.৪৪.২১.৪৫৭

তারিখঃ ১৩-০৯-২০২১খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) বিভাগীয় প্রধান সকল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২) কান্ট্রি ম্যানেজার -বাংলাদেশ, ACCA, গুলশান ভবন (৩য় তলা) ৩৫৫ বীর উত্তম একে খন্দকার সড়ক, ঢাকা।
- ৩) পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪) পি এ টু সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫) অফিস নথি।


১৩/০৯/২০২১ খ্রি

(প্রফেসর মো: মামুন উল হক)
পরিচালক, শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।